গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৩৭.১৮.১১১৪

**বিষয়:** খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন আলমতলা ইসলামিয়া আজিজিয়া ফাযিল মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রি.
(২) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-আমা/২৩/২৩; তা: ২৮/০৩/২৩ ডকেট: ৫০৮৩ তা: ০২/০৪/২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ (২) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোস্থ (১)নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নেবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

| মাদ্রাসার নাম ও ঠিকানা | নিয়োগের বিষয়/পদ | প্রতিনিধির নাম ও ঠিকানা |
|---|---|---|
| আলমতলা ইসলামিয়া আজিজিয়া ফাযিল মাদ্রাসা, পাইকগাছা, খুলনা।<br>এমপিওকোড-(৬০০৭০৮২৩০১)<br>মোবাইল: ০১৭১২৭৫৪৯৯৪ | ১। অধ্যক্ষ-১টি (শূন্যপদ) | জনাব মুহম্মদ হোসাইন,<br>পরিদর্শক (খুলনা বিভাগ),<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।<br>মোবাইলঃ ০১৮১৩৬৮৫৫১০ |

শর্তাবলীঃ

১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ); তারিখ:১১.১১.১৫ খ্রি. এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১; তারিখ:৩০.১২.১৫খ্রি. এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

৩. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ)এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষ এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ খ্রি. (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসেবে অংশ গ্রহণ করা যাবে না।

৪. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি. (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ: ১১(১) এবং পরিশিষ্ট ঘ"মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাবিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

৫. মহিলা কোটা পূরণের ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি. (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামোর অনুচ্ছেদ:৯ (নয়) এর "খ"এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করতে হবে।

৬. প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

৭. শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবি, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

৮.কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি. (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০%বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে"শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১.সাপ্তাহিক ছুটির দিনে (জাতীয় গুরুত্বপূর্ন দিবস ব্যতিরেকে) সংশ্লিষ্ট মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন। নিয়োগের সুপারিশ করা না হলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক মহাপরিচালক মহোদয় এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ
সংশ্লিষ্টদেরকে লিখিতভাবে অবহিত করতে হবে।

১২.গভর্নিংবডি/ম্যানেজিং কমিটির সভাপতি/সদস্য সচিব/অন্য সদস্য কিংবা মাদ্রাসার অধ্যক্ষ/সুপার অন্য শিক্ষকের কোন নিকট আত্মীয় বর্ণিত নিয়োগে প্রার্থী থাকলে তিনি নিয়োগ কমিটিতে থাকতে পারবে না।

১৩. অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদের নিয়োগে
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ১৯-০৯-২০২২ তারিখের ৫৭.২৫.০০০০.০০০.১৮.০০১.১৭.১৮৮৭ নং স্মারকের নির্দেশনা অনুসরনপূর্বক ব্যবহারিক পরীক্ষা নিশ্চিত করতে হবে।

১৪. ডি.জি মহোদয় প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য, মাদ্রাসার পরিচালনা কমিটি, অধিভুক্তি, স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক পরিচালনা কমিটি,অধিভুক্তি,স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পুনরায় আবেদন করতে হবে।

সংযুক্তি: (০২) ফর্দ।

০৬-০৬-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (খুলনা বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৩৭.১৮.১১১৪/১ (৭)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, খুলনা।;

২। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

৩। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।;

৪। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা।;

৫। অধ্যক্ষ, আলমতলা ইসলামিয়া আজিজিয়া ফাযিল মাদ্রাসা, খুলনা (নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারন পূর্বক সংশ্লিষ্টদের লিখিতভাবে অবহিত করবেন)।;

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা। এবং

৭। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

০৭-০৬-২০২৩
মো ইসমাইল হোসেন
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আলমতলা স্কান 2